# সফল সমিতির প্রতিবেদন
## সাফল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ,
## সারিয়াকান্দি, বগুড়া ।

**১। ভূমিকাঃ** মানব কল্যাণে সমবায় সেবা প্রদানের অঙ্গীকার নিয়ে ২০০৫ সালের ১৩ ডিসেম্বর বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার , জোড়গাছা এলাকায় ''সাফল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ'' নামে সমবায় আইন ও বিধিমালা মোতাবেক বেশ কিছু সুনিদিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য সামনে রেখে মাত্র ২০ (কুড়ি) জন সদস্য নিয়ে প্রতিষ্ঠা লাভ করে। প্রতিষ্ঠার পরবর্তীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমবায় অধিদপ্তরের বগুড়া কার্যালয় হতে ১৭ ডিসেম্বর ২০০৬ ইং তারিখে প্রতিষ্ঠানটি নিবন্ধন লাভ করে। যার নিবন্ধন নং- বগুড়া/১৮৯/২০০৬ এবং সংশোধিত নিবন্ধন নং- বগুড়া/১১/২০১৪, তাং-২৯/১২/২০১৪। প্রতিষ্ঠার পর থেকে বিশেষ করে বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার জনগণকে ''সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে'' সমবায়ের এই মুলমন্ত্র ও সমবায়ের ৭টি আদর্শে উদ্বুদ্ধ হয়ে এ প্রতিষ্ঠান দেশের স্বল্প আয়ের সব শ্রেণীর ও পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে কর্ম সংস্থান সৃষ্টি ও দারিদ্র্য দুরীকরণের জন্য কাজ করে আসছে। সমিতির কর্ম এলাকা সমগ্র সারিয়াকান্দি উপজেলা ব্যাপী। ইতিমধ্যে গত ২৩/১১/২০২২ খ্রিঃ তারিখ জোড়গাছা বাজারে, সারিয়াকান্দি বগুড়ায় সমিতির নিজস্ব অর্থায়নে ২৫ শতাংশ জমির উপর নির্মিত "সাফল্য মাল্টিমিডিয়া স্কুল" এর শুভ উদ্বোধন করেন জনাব মোহাম্মদ রেজউল করিম, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া ও জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, সারিয়াকান্দি, বগুড়া ।

**২। সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্ম সূচীঃ**

(ক) সদস্য সর্ব মোট - ৫৫২৫ জন।
এর মধ্যে পুরুষ সদস্য ২,৩২৩,জন ও মহিলা ৩২০২ জন ।

**৩। বিভিন্ন কর্ম সূচীঃ**

1. দৈনিক শেয়ার-সঞ্চয় আদায় ও ঋণদান;
2. সাপ্তাহিক শেয়ার-সঞ্চয় আদায় ও ঋণদান;
3. মাসিক শেয়ার-সঞ্চয় আদায় ও ঋণদান;
4. মাসিক মূনাফা ভিত্তিক সঞ্চয় আমানত আদায়;
5. স্টাফ সঞ্চয় আমানত আদায়;
6. স্বাস্থ্য সঞ্চয় আদায় ও জরুরী ঋণদান;
7. সদস্যদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও স্বল্প খরচে চিকিৎসার ব্যবস্থা করা;
8. উৎসব সঞ্চয় আদায়;
9. হাউজিং সঞ্চয় আদায় ও ঋণদান;
10. ঋণ নিরাপত্তা মিউচ্যুয়াল এইড সার্ভিস;
11. শিশু-কিশোর ও শিক্ষা সঞ্চয়ী সদস্যদের শিক্ষা সহায়তায় শিক্ষা উপকরণ প্রদান;
12. মাশরুম চাষ, কুটির শিল্প, হস্ত শিল্প, ব্লক-বাটিক, পোষাক তৈরী ও কম্পিউটার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
13. কর্মী ও সদস্যদের দক্ষতা বিকাশে প্রশিক্ষণ প্রশিক্ষণ প্রদান;
14. কুটির শিল্প পণ্য, হস্ত শিল্প পণ্য ও তৈরী পোষাক ইত্যাদি; এবং
15. সমবায় ও উন্নয়ন বিষয়ক প্রকাশনা।

**৪। সমিতির সদস্যদের মাঝে ঋণ বিনিয়োগের বিবরণ**

| ক্রমিক নং | ঋণ প্রদানের খাত |
|---|---|
| ০১ | ব্যবসায় বিনিয়োগ |
| ০২ | হাঁস-মুরগী ও কোয়েল পাখির খামার,গরু ছাগল ক্রয় খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ০৩ | রিকসা-ভ্যান ক্রয়, সেলাই মেশিন ক্রয় খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ০৪ | বাড়ীঘর নির্মাণ ও মেরামত খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |

| | |
|---|---|
| ০৫ | বিদেশ গমন খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ০৬ | শিক্ষা খরচ নির্ব াঃ খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ০৭ | ফার্নি চার ক্রয় খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ০৮ | বিবাহ খরচ ও গহনা ক্রয় খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ০৯ | কৃষি কাজে বিনিয়োগ |
| ১০ | পারিবারিক খরচ এবং টিভি-ফ্রিজ ও কম্পিউটার ক্রয় খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ১১ | অন্যান্য খাতে ক্ষুদ্র ঋণ প্রদান |
| ১২ | পণ্য ঋণ (টিভি, ফ্রিজ, রাইচ কুকার, গ্যাস স্টোভ, শোকেছ, আলমীরা, ড্রেসিং টেবিল, ওয়্যারড্রপ, ট্রলি, বুক সেলফ ইত্যাদি) |

**৫। কার্য ক্রমের বর্ণ নাঃ**

**সমিতির উৎপাদিত পণ্যসমূহ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানঃ**

1. **মাশরুম :** তাজা বা কাঁচা মাশরুম, শুকনা মাশরুম, গুড়া মাশরুম, মাশরুমের আচার, মাশরুমের লুডুস, মাশরুমের চপ ইত্যাদি।
2. **শাক-সবজি :** আলু, বেগুন, মুলা, পটল, লাল শাক, বেগুন, পালন শাক, পুই শাক, ডাটা শাক ইত্যাদি সম্পূর্ণ কীটনাশক মুক্ত করে উৎপাদন করা হয় এবং বাজার জাত করা হয়।
3. **খাদ্য দ্রব্য :** ঘানি ভাঙ্গা খাঁটি সরিষার তৈল, হাতে ভাজা মুড়ি, হাতে ভাজা খই, হলুদ গুড়া, মরিচের গুড়া, ধনিয়ার গুড়া, চালের আটা, বেশন, ডালের গুড়া, আখের গুড়, আমের আচার, চালতার আচার, জলপাই-এর আচার ইত্যাদি খাদ্য সামগ্রী উৎপাদন করে পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
4. **পাটজাত পণ্য :** পাটের তৈরী ব্যগ, বস্তা, পাপস, ফ্লোর মেট, টেবিল মেট, ওয়ালম্যাট, চট, শো-পিচ ইত্যাদি সমিতির সদস্য কর্তৃক তৈরি করে পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
5. **হসÍশিল্প : প্যা**ন্ট, শাট, নকশী কাঁথা, শাড়ী, থ্রী পিচ, ফোর পিচ, কুশন কভার, বেড কভার, কম্বল, ওয়াল ম্যাট, পিলো কভার ইত্যাদি এবং পুথির তৈরি শো-পিচ, ব্যাগ, টিস্যু বক্স, ঝাড়বাতি, ওয়ালম্যাট ইত্যাদি।
6. **সমিতির নামে সমবায় মার্কেট স্থাপন :** সব ধরনের ফার্নি চার যেমন খাট, চেয়ার, টেবিল, সো-কেস, আলমারী, ড্রেসিং টেবিল, রিডিং টেবিল, ডাইনিং টেবিল, ওয়্যারড্রপ, সোফা সেট, বুক সেলফসহ ইত্যাদি রেডিমেট/অর্ড ার গ্রহণ করে সমিতির নিজস্ব কারখানায় সুদক্ষ কারিগর দ্বারা তৈরি করা হয় এবং নগদ ও সহজ কিস্তিতে বিক্রয় করা হয়। এছাড়াও টিভি, ফ্রিজ, ফ্যান, গ্যাসের চুলা, সিলিন্ডার, রাইচ কুকার, ব্লেন্ডার, আয়রণ, মটর, টিউবয়েল, পেসার কুকারসহ প্লষ্টিক সামগ্রীসহ সব ধরনের রেক, টেবিল, চেয়ার, ওয়্যাড্রপ, আলমারী, ইত্যাদি সামগ্রী নগদ/সহজ কিস্তিতে বিক্রয় করা হয়। উল্লেখ্য যে- ওয়ালটন, মিনিস্টার, মাইওয়ান ও আরএফএলসহ অন্যান্য কোম্পানির ডিলার সিপ গ্রহণ করে উক্ত পণ্য সামগ্রী সরবরাহ করা হচ্ছে।
7. সমিতির সকল পণ্য সামগ্রী অনলাইনের মাধ্যমে (ই-কমার্স ওয়েব সাইটের মাধ্যমে) এবং হোম সার্ভিস প্রদান করে বিক্রয় করা হচ্ছে ।

**৬। বিগত বছরগুলোর কর্ম কান্ডের বর্ণ নাঃ**

নিবন্ধনের পর থেকেই সমিতিটি নিম্নরুপ কার্য ক্রম শুরুকরেছে-

1. সাফল্য সমিতির সদস্যদের বিনামূল্যে প্রাথমিক চিকিৎসা ও স্বাস্থ্য সেবার জন্য স্বাস্থ্য কর্মী নিয়োগ করা হয়েছে;
2. সদস্যদের মাঝে প্রকল্পভেদে পযায়ক্রমে চলতি অর্থ বছর থেকে সর্ব নিম্ন ১,০০০(এক হাজার) টাকা থেকে ৫০০,০০০/- (পাচঁ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদানের কার্য ক্রমবাস্তবায়ন করা হচ্ছে;
3. অসহায় নারী, প্রতিবন্ধি, বিধবা, তালাক প্রাপ্তা মহিলাদের আত্মনির্ভ রশীলতার জন্য হস্তশিল্প, কুটির শিল্প, দর্জি, সেলাই কাজ ইত্যাদিতে প্রশিক্ষণ ও কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করাহয়েছে।
4. **সমিতির সদস্যদের আয় বর্ধ নমূলক কার্য ক্রমঃ** মূল কার্য ক্রমের পাশাপাশি সমিতিরসদস্যদের আয় বর্ধ নমূলক কর্ম কান্ড যেমন- উন্নত জাতের হাসঁ-মুরগী পালন, গবাদী পশু পালন, বৃক্ষ রোপন , পুকুর ও অন্যান্য জলাশয়ে মৎস্য খামার, হ্যাচারী, ডেইরী, নার্স ারী/কৃষি ফার্ম, হস্ত শিল্প, কুটির শিল্প ইত্যাদি প্রকল্প গ্রহণের কার্য কর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে;

5. **সমিতির সেবামূলক কার্য ক্রমঃ**সাফল্য মাল্টিমিডিয়া স্কুলের  ছাত্র ছাত্রীদেরকে বিনামূল্যে স্কুলড্রেস বিতরণ, সল্প খরচে কম্পিউটার প্রশিক্ষণ, হাতের লেখা প্রশিক্ষণ, ছবি আকা প্রশিক্ষণ, বিনামূল্য শিক্ষা মূলক বই, খাতা-কলম, ক্যালকুলেটর, স্কুল ব্যাগ, পানি খাওয়ার মগ, ছাতা, রং পেনসিল, সিলেট এবং চকসহ ইত্যাদি সামগ্রী ধারাবাহিক ভাবে প্রদান অব্যহত আছে;
6. শিক্ষা খাতে শিক্ষা উপকরণ বিতরণ অব্যহত আছে;
7. কম্পিউটারসহ অন্যান্য প্রশিক্ষণ কার্য ক্রম অব্যহত আছে

**৭. কেস স্টাডিঃ** সমিতির কেস স্টাডি পর্য ালোচনা করে দেখা যায় সমিতিটি নিবন্ধন হওয়ার পর থেকে যে সকল প্রকল্প বা কার্য ক্রম গ্রহণ করেছে সেগুলোর মধ্যে হস্ত শিল্প, এলাকার অসহায় দারিদ্র ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনা মূল্যে স্কুলড্রেসসহ শিক্ষা উপকরণ বিতরণ ও প্রশিক্ষণ প্রদান, আয় বর্ধ কমূলক কার্য ক্রমসমিতির নামে সমবায় মার্কেট স্থাপন,বিভিন্ন প্রকার পন্যসামগ্রী উৎপাদন ও বাজার জাত করণ এবং সমিতি এ সকল কার্য ক্রম সম্পাদন করতে প্রত্যক্ষ ওপরোক্ষ ভাবে ৬৩ জন কর্মীর কর্ম সংস্থান সৃষ্টি করেছে। বর্তমানে সমিতিটি সারিয়াকান্দি উপজেলার একটি মডেল সমিতি হিসাবে স্বীকৃতি লাভ করেছে।

**৮। কিভাবে মডেল হলো তার বর্ণ নাঃ**

1. সংশ্লিষ্ট আইন, বিধি ও কর্তৃপক্ষের সময়ে সময়ে জারিকৃত পরিপত্র ও পরামর্শ  মোতাবেক কর্ম সূচী পরিচালনা;
2. সমবায়ের আধুনিক ধারণা (কনসেপ্ট) গ্রহণ এবং সমবায় আইন ও বিধির সুষ্ঠ প্রয়োগ;
3. নিয়মিতভাবে প্রতি অর্থ বছর প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের নিয়োগকৃত অডিট অফিসারকর্তৃক অডিট সম্পাদন;
4. নিয়মিত সমবায় ভিত্তিক বিভিন্ন সভা, সেমিনার ও প্রশিক্ষণ কর্ম শালার আয়োজন করা;
5. সমবায় দিবসসহ বিভিন্ন দিবসসমূহ যথাযথ মর্য াদায় পালন করা;
6. বিগত ০৭ অর্থ  বছরের বার্ষি ক অডিট প্রতিবেদন এবং সমিতির কার্য ক্রমের উন্নতিকল্পে যথাক্রমে ২০১৯, ২০২০, ২০২১ এবং ২০২২ সনের নভেম্বর মাসের প্রথম সপ্তাহে জাতীয় সমবায় দিবসে অত্র সাফল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ এর  পর পর চারবার শ্রেষ্ঠ সমবায় সমিতির পুরস্কার অর্জন করেছে;
7. সাফল্য সমিতি প্রতিষ্ঠা লগ্ন থেকেই সমাজের স্বল্প আয়ের এবং নিম্ন মধ্যবিত্তদের স্বাবলম্বী অর্জনে সহায়তা, কর্ম স্থান এবং আর্থি ক সমৃদ্ধি সৃষ্টিতে কার্য কর সহায়ক ভূমিকা পালন করে চলেছে
8. হিসাব-নিকাশের জন্য একাউন্টিং সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটার পদ্ধতি চালু করা হয়েছে;
9. নিজ উদ্দ্যেগে মানব কল্যাণ প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র স্থাপন ও পরিচালনার কাজ শুরু করা হয়েছে;
10. সাফল্য সমিতির সাধারণ সদস্য এবং সহযোগী সদস্য শিক্ষা সঞ্চয় ও শিশু-কিশোর সঞ্চয় প্রকল্পের সদস্যদের স্বল্প খরচে কম্পিউটার ও দর্জি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে;
11. শিক্ষা সঞ্চয় ও শিশু-কিশোর সঞ্চয় প্রকল্পের সদস্যদের বিনামূল্যে শিক্ষা উপকরণের ব্যবস্থা করা হয়েছে;
12. সমিতির নামে ওয়েব সাইড চালু করা হয়েছে;
13. ইতিমধ্যেই সমিতির নিজস্ব এবং সমবায়ীদের তৈরীকৃত হস্ত ও কুটির শিল্প সামগ্রী দেশে ও বিদেশে বাজার জাত করণের ব্যবস্থা গ্রহণ করার উদ্যেগ নেওয়া হয়েছে;
14. বন্যা ও নদী ভাঙ্গনে কবলিত এলাকার সদস্যদের ত্রাণ সামগ্রী বিতরণ ও বণ্যা পরবর্তীতে সার বীজ বিতরণ;
15. সমিতির সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ;
16. দক্ষ ও অভিজ্ঞ কার্য নিবাহী পরিষদ এবং প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীবাহিনী দ্বারা কার্য ক্রম পরিচালনা;
17. সুশৃঙ্খল অফিস ব্যবস্থাপনা;
18. সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সকল হিসাব বহি সমিতিতে সংরক্ষণ করা হচ্ছে;
19. সমিতির আইন বর্হি ভূত ভাবে কোন অর্থ  ব্যয় করেনি এবং সমিতি অর্থ  আদায়ে কোন অন্যায় পদ্ধতি অবলম্বন করেনি

২০.সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতার কারণে ‘‘সাফল্য বহুমুখী সমিতি জনগণের আস্থা অর্জনে সক্ষম হয়েছে;

২১. সমিতির নিজস্ব অর্থ ায়নে মাসিক মিটিং ও বিভিন্ন সভা আয়োজনের জন্য সেমিনার কক্ষ স্থাপন করা হয়েছে।

**৯। লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায়ঃ**  ২০২১-২০২২ সনে লাভ হওয়ায় সমিতি সদস্যদের মাঝে ৩২২৩৬৩/- টাকা লভ্যাংশ বিতরণ করেছে এবং সিডিএফ খাতে ১৩,৮১৬/- টাকা পরিশোধ করেছে।

**১০। অডিট সম্পর্কিত তথ্যঃ** সমিতি নিবন্ধন লাভের পর থেকে প্রতিটি অর্থ বছরে জেলা/উপজেলা সমবায় অফিস কর্তৃক দায়িত্ব প্রাপ্ত অডিট অফিসারগণ নিরীক্ষা সম্পাদন করে আসছেন। সর্ব শেষে২০২১-২০২২ অর্থ বছরের অডিট কার্য সম্পাদন করেনজনাব মোঃ আব্দুল জলিল, অডিট অফিসার ও উপজেলা সমবায় অফিসার, শেরপুর, বগুড়া।

**১১। ব্যাংক ও অন্যান্য তথ্যঃ** সমিতির নামে ব্যাংক এশিয়া জোড়গাছা, সারিয়াকান্দি, বগুড়া শাখায় (হিসাব নং ৫০৮১১১০০০৩৪৮৩) চলতি হিসাব চালু আছে।

**১২। আর্থ-সামাজিক উন্নয়নের ভূমিকাঃ**

1. **বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণঃ** সমিতির নিজস্ব তহবিল হতে সমিতির কর্ম এলাকায় বন্যাদূর্গ ত এলাকার সদস্যদের মাঝে ত্রাণ(ধানের বীজ, সরিষা বীজ, গমের বীজসহ বিভিন্ন শাক-সবজির বীজ ও চারাসহ চাল, ডাল, আটা, লবন, তেল, বিস্কুট, শাড়ী, লুঙ্গিসহ ইত্যাদি সামগ্রী) বিতরণ করা হয়। এছাড়া কোভিড-১৯ করোনাকালীন সময়ে চাল, ডাল, আটা, লবন, তেল, বিস্কুট, শাড়ী, আলু, পেয়াজ, সরিষার তৈল, মাক্স, হ্যান্ড ওয়াশ, হ্যান্ড সেনিটাইজার বিতরণ করা হয়েছে। এছাড়াও সমিতির ব্যবস্থাপনা কমিটি, কর্মী ও অন্যান্য প্রতিষ্ঠানসহ দানশীল ব্যক্তিবর্গ দের আর্থীক সহযোগীতায় বন্যাদূর্গ তদের মাঝে ত্রাণ বিতরণ কার্য ক্রম করা হয়।
2. **শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণঃ** সমিতির নিজস্ব তহবিল হতে সমিতির কর্ম এলাকায় শীতার্ত সদস্যদের মাঝে শীতবস্ত্র (চাদর, কম্বল, কাপড় ও সুয়েটার) বিতরণ করা হয়। এছাড়াও সমিতির ব্যবস্থাপনা কমিটি, কর্মী ও অন্যান্য প্রতিষ্ঠানসহ দানশীল ব্যক্তিবর্গ দের আর্থীক সহযোগীতায় শীতার্তদের মাঝেশীতবস্ত্র বিতরণ কার্য ক্রম করা হয়।
3. **সমিতির শিক্ষামুলক কার্য ক্রমঃ**সহযোগী শিশু-কিশোর সদস্যদের সল্প খরচে কম্পিউটার প্রশিক্ষণ, হাতের লেখা প্রশিক্ষণ, ছবি আঁকা প্রশিক্ষণ, বিনামূল্য শিক্ষা মূলক বই, খাতা-কলম, ক্যালকুলেটর, স্কুল ব্যাগ, পানি খাওয়ার মগ, ছাতা, রং পেনসিল, সিলেট এবং চকসহ ইত্যাদি সামগ্রী ধারাবাহিক ভাবে প্রদান করা অব্যহত আছে।
4. **প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্য ক্রমঃ**সমিতির সদস্যদের স্বাস্থ্যর কথা বিবেচনা করে বিনামূল্য প্রাথমিক চিকিৎসা ও স্বাস্থ্যসেবার জন্য স্বাস্থ্য কর্মী নিয়োগ করা হয়েছে এবং সমিতির সদস্যদের বিনা মূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান অব্যহত আছে। সেই সাথে সমিতির অফিস কক্ষসহ বিভিন্ন এলাকায় বিশেষজ্ঞ ডাক্তারগণ দ্বারা চিকিৎসা ক্যাম্প করে স্বল্প খরচে সদস্যদের স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে।এছাড়াও সমিতির সদস্যদের মাঝে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্য ক্রমের পাশাপাশি বিভিন্ন এলাকায় চিকিৎসা ক্যাম্প পরিচালিত হচ্ছে।

১৩। **কর্ম কান্ডের ছবিঃ( সংযুক্ত)**

















**১৪.অন্যান্য সহায়ক কার্য ক্রমঃ**সমিতি প্রতিষ্ঠা লগ্ন থেকেই মিউচ্যুয়াল এইড বা ঋণ নিরাপত্তা তহবিল গঠন করা হয়েছে। সমিতি থেকে কোন সদস্য ঋণ নিয়ে মারা গেলে তার বকেয়া ঋণ মওকুফ করে তার পরিবারকে ঋণের দায় মুক্ত করা হয় এ তহবিলের অর্থে থেকে। এছাড়াও এ তহবিল থেকে দরিদ্র ও দুঃস্থ সদস্যদের চিকিৎসা ও মৃত্যু পরবর্তীতে দাফনের ব্যবস্থা রয়েছে।

**১৫. সমিতিতে আধূনিক প্রযুক্তির ব্যবহারঃ** সমিতির সকল হিসাব-নিকাশ কম্পিউটার পদ্ধতিতে সংরক্ষণ করা হয়ে থাকে। এবই সাথে সমিতির সদস্যদের আরো দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে কম্পিউটাররের একটি আধুনিক একাউন্টিং সফটওয়্যারের ব্যবহার অব্যাহত রয়েছে।

**১৬. সমিতির কর্ম স্থলের ধরণ ও প্রকৃতিঃ** সমিতি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করে চলছে। সমিতিতে বর্তমানে ৬৫ জন কর্মীর কর্ম স্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া সমিতি থেকে ঋণ গ্রহণের মাধ্যমে সদস্যরা তা নানান ধরনের বাণিজ্যিক কর্ম কান্ডে বিনিয়োগ করেছেন।

**১৭. কম্পিউটার ল্যাবঃ** সমিতির অর্থায়নে মাল্টিমিডিয়া স্কুলেএকটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব আছে যেখানে স্কুলের ছাত্র-ছাত্রীসহ সমিতির কর্ম কর্তা/কর্মী ও সদস্য/সদস্যাদের আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। কম্পিউটারগুলোকে নেটওয়ার্কিং আওতায় প্রযুক্তি নির্ভর করা হয়েছে। এছাড়াও সমিতির সকল হিসাব নিকাশ কম্পিউটারের মাধ্যমে করা হয়ে থাকে।

**১৮. দেশ ও জাতীর জন্য কল্যাণ মুখী কর্ম কান্ডঃ** সমিতির সদস্যগণ শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে যে মূলধন ক্রমাগত বৃদ্ধি করে চলেছেন তার ইতিবাচক প্রভাব সীমিত আকারে হলেও সমাজে প্রতিফলিত হচ্ছে। তা একদিন জাতীয় অর্থ নীতিরবিকাশে সহায়ক শক্তি হিসেবে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে।

**১৯. কোভিড ১৯ করোন ভাইরাসঃ** করোনা ভাইরাসের কারণে সামাজিক দূরত্ব বজায় রাখতে গিয়ে কর্ম হীন হয়ে পড়া সমিতির সদস্য ও আশপাশ এলাকার নিম্ন আয়ের প্রায় ৬৫০ টি পরিরবারের মানুষের মাঝে সমিতির নিজস্ব উদ্যেগে খাদ্য সামগ্রী, নগদ অর্থ, মাস্ক, পিপিই, সাবান, হ্যান্ডওয়াশ, হ্যান্ডস্যানিটাইজার, স্যাভলোনসহ রান্না করা খাবার বিতরণ করা হয়।

**উপসংহারঃ** পরিশেষে বলা যায়, সাফল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ এর প্রতিষ্ঠাতা সভাপতি জনাব মোঃ জুয়েল আলম ও সম্পাদক জনাব মোঃ আসাদুল ইসলাম এর দক্ষ পরিচালনায় অত্যন্ত পরিকল্পিতভাবে নিজস্ব মূলধনের সুষ্ঠ ব্যবহার ও ব্যবসায়িক বিভিন্ন কর্ম কান্ড প্রসারিত করে ইতোমধ্যে সফলতা লাভ করেছে এবং এটি আজ একটি সফল ও উপজেলা পর্য ায়েসারিয়াকান্দি উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসাবে গৌরব অর্জন করেছে। যথাযথ কর্তৃপক্ষের সহযোগিতা এবং সরকারীভাবে সহজ শর্তে ঋণ ও দান/অনুদান পেলে সাফল্যের এ ধারা ক্রমাগত অব্যাহত রেখে টেকসই উন্নয়নে সাফল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

০৫/১২/২০২২
(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার
সারিয়াকান্দি ,বগুড়া।